

সংবাদ বিজ্ঞপ্তি

নোবিপ্রবিতে যথাযোগ্য মর্যাদায় সরস্বতী পূজা উদযাপিত

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) যথাযোগ্য মর্যাদায় সরস্বতী পূজা উদযাপিত হয়েছে। আজ সোমবার (৩ ফেব্রুয়ারি ২০২৫) বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় উপাসনালয়ে এ উপলক্ষে 'জ্ঞানেশ্বরী আরাধনা' শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। কেন্দ্রীয় উপাসনালয় ব্যবস্থাপনা কমিটি ও সনাতনী শিক্ষার্থী পরিষদ, নোবিপ্রবি এর আয়োজন করে। সভায় প্রধান অতিথি ছিলেন মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।

সভায় প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল বলেন, হিন্দু ধর্মাবলম্বীদের অন্যতম ধর্মীয় উৎসব সরস্বতী পূজা। এ উপলক্ষে হিন্দু ধর্মাবলম্বী শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীদের আন্তরিক শুভেচ্ছা জানাই। আমি ছোটবেলায় লোহাগাড়ার যে গ্রামে বেড়ে উঠেছি, আমাদের বাড়ির উত্তর পাশে হিন্দু ও পূর্ব পাশে বৌদ্ধ ধর্মাবলম্বীদের বসবাস ছিল। আমরা তাদের উৎসবে যেতাম, তারাও আমাদের বিভিন্ন অনুষ্ঠানে আসতো। এ সম্প্রীতিই আমাদের শক্তি, আমাদের ঐতিহ্য। তিনি আরও বলেন, আমাদের অসাম্প্রদায়িক ও মানবিক মূল্যবোধ ধারণ করে সকল ধর্ম ও মতের প্রতি শ্রদ্ধাশীল থাকতে হবে। আমরা সকলে মিলে একতাবদ্ধ হয়ে সত্য, সুন্দর, সম্প্রীতি ও জ্ঞানচর্চার মাধ্যমে একটি সমৃদ্ধ আগামী গড়ে তুলবো, সে আশাবাদ ব্যক্ত করছি।

সভায় সভাপতিত্ব করেন নোবিপ্রবি কেন্দ্রীয় উপাসনালয় ব্যবস্থাপনা কমিটির সভাপতি অধ্যাপক ড. দিব্যদ্যুতি সরকার। এসময় নোবিপ্রবি বিভিন্ন বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।

প্রসঙ্গত, বিদ্যাদায়িনী দেবী সরস্বতীর আবির্ভাব উপলক্ষে উপাসনালয়ে প্রতিমা স্থাপন, হোমযজ্ঞ, অঞ্জলি প্রদান, গীতি ও নৃত্য আলেখ্য, ধর্মীয় কুইজ, প্রসাদ বিতরণ ও সাংস্কৃতিক অনুষ্ঠানমালার আয়োজন করা হয়। অনুষ্ঠানসমূহে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষক-শিক্ষার্থী ও কর্মকর্তা-কর্মচারীবৃন্দ অংশ নেয়।

ইফতেখার হোসাইন  
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)  
মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪